গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ অধিশাখা-২
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৩.৩৭.০০২.২০১৫-৩০৫

তারিখ: ৭ অগ্রহায়ন, ১৪২৪ বাংলা
২১ নভেম্বর, ২০১৭ খ্রি.

**প্রজ্ঞাপন**

জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৯ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক ভারতের JK Agri-Genetics Ltd (JKAL) হতে Bt gene truncated Cry 1 Ac (Event -1) সংবলিত ৪টি হাইব্রিড বিটি জাত এর বীজ আমদানিপূর্বক নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কনটেইন্ড পরীক্ষণ পরিচালনার লক্ষ্যে অনুমোদন প্রদান করা হল:

(ক) তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক বায়োসেফটি গাইডলাইন্স অব্ বাংলাদেশ এবং কার্টাগেনা প্রটোকল অন্ বায়োসেফ্টি অনুযায়ী ভারতের JK Agri Genetics Limited (JKAL) হতে বিটি জিন সংবলিত ৪টি হাইব্রিড জাত (X-GENE, Cry1 Ac Truncated Event-1)- এর তুলার ট্রান্সবাউন্ডারি মুভমেন্ট এবং হ্যান্ডলিং কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(খ) কনটেইন্ড পরীক্ষণ-এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ, ২০০৮ অনুসরণ করতে হবে;

(গ) বিটি কটনের গবেষণাটি আমদানি থেকে শুরু করে কোন্ পর্যায়ে কী কী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সম্পন্ন হবে এবং প্রতিটি ধাপে কী-কী বায়োসেফটি মেজারস্ গৃহীত হবে এবং তার মনিটরিং পদ্ধতির একটি রূপরেখা এনসিবি এবং বিসিসি-কে অবহিত করতে হবে;

(ঘ) আবদ্ধ পরীক্ষণ চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুঙ্খানুপুঙ্খ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি বরাবরে প্রতিবেদন দাখিল করতে হবে;

(ঙ) পরীক্ষণাধীন অবস্থায় বিটি কটনের ৪টি হাইব্রিড জাত (X-GENE, Cry1 Ac Truncated Event-1)- এর বীজ বা এর কোনো ট্রান্সজেনিক বৈশিষ্ট্য যদি পরিবেশে ছড়িয়ে পড়ে, সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(চ) পরীক্ষণটি শুধু আবদ্ধ অবস্থায় কনটেইন্ড্ গ্রীণ হাউজে সম্পন্ন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
২১/১১/১৭
(খোরশেদা ইয়াসমীন)
উপসচিব
ফোন ঃ ৯৫৭০০১৭

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং গেজেটের ৫০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৬। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।

(চলমান পাতা/২)

৭। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা।
১১। মহাপরিচালক, মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১২। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
১৩। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
১৫। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
১৬। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট ফর নিউক্লিয়ার এগ্রিকালচার (বিনা), ময়মনসিংহ।
১৭। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
১৮। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গনকবাড়ী, সাভার, ঢাকা।
১৯। পরিচালক, পরিবেশ অধিদপ্তর ও সদস্য-সচিব, বিসিসি।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
৩। প্রোগ্রামার, পরিবেশ ও বন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৪। অতিরিক্ত সচিব (পরিবেশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়।